আলমডাঙ্গায় ভোক্তা অধিকারের অভিযান, তিন প্রতিষ্ঠানকে জরিমানা

আলমডাঙ্গায় নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যতালিকা প্রদর্শন না করা এবং মেয়াদোত্তীর্ণ বীজ বিক্রি ও কৃষকের সঙ্গে প্রতারণার অভিযোগে তিনটি ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

গতকাল বুধবার বেলা ১২ টার দিকে আলমডাঙ্গা উপজেলার বিভিন্ন বাজার মনিটরিংয়ের সময় ওই তিনটি প্রতিষ্ঠানকে ২৪ হাজার টাকা জরিমানা করেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

অভিযান চলাকালীন সময়ে সজল আহম্মেদ বলেন, আলমডাঙ্গা পৌর শহরে বুধবার দুপুরে বিভিন্ন স্থানে অভিযান চালানো হয়েছে। অভিযানে আড়ত, সবজি, ডিম ও বীজ দোকানসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

তদারকিকালে মেসার্স শফিউল স্টোরে পূর্বে সতর্ক করা স্বত্বেও নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক শফিউল হককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ধারায় দুই হাজার টাকা এবং ছলেমান স্টোর নামক একটি প্রতিষ্ঠানের মালিক বিপ্লব মিয়াকে একই অপরাধ ও ধারায় দুই হাজার টাকা জরিমানা করা হয়।

পরবর্তীতে মেসার্স মা-মণি বীজ ভান্ডার নামক প্রতিষ্ঠানে তদারকিতে প্রচুর মেয়াদোত্তীর্ণ শাক-সবজি ও ফলের বীজ জব্দ করা হয়। মেয়াদোত্তীর্ণ বীজ বিক্রি ও কৃষকের সঙ্গে প্রতারণার অভিযোগে প্রতিষ্ঠানটির মালিক লাল্টু মিয়াকে ৫১ ধারায় ২০ হাজার টাকা জরিমানা করা হয়। এসময় জব্দকৃত মেয়াদোত্তীর্ণ বীজ জনসম্মুখে পুড়িয়ে নষ্ট করা হয়।

এ সময় সবজি বাজার, মুদি দোকান, আলু পেঁয়াজের আড়তসহ আরও কিছু প্রতিষ্ঠান তদারকি করা হয় বলে জানান তিনি। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান সজল আহম্মেদ।

মেহেরপুরে দুটি দোকানে অভিযান ৩০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর শহরে একটি বেকারি ও একটি ফলভান্ডারে অভিযান চালিয়ে ৩০ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ সোমবার (১৯শে আগস্ট) দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ শহরের বড়বাজার এলাকায় এই অভিযান চালান। অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্য পণ্য তৈরি, মিষ্টির মুল্য তালিকা যথাযথভাবে প্রদর্শন না করা, মোড়কীকরণ বিধি যথাযথভাবে না মানা, লাইসেন্স না নিয়েও বিএসটিআইয়ের লোগো ব্যবহার করাসহ নানা অপরাধে মেসার্স জোসনা বেকারীর মালিককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৩ ও ৪৪ ধারায় ২০ হাজার টাকা এবং পুর্বে সতর্ক করা স্বত্তেও ফ্রিজে প্রচুর মেয়াদ উত্তীর্ণ চকলেট সংরক্ষণ করে বিক্রয়, মেয়াদ মুল্যবিহীন পণ্য বিক্রয় ও ফলের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে একই আইনের ৩৮ ও ৫১ ধারায় মেসার্স আসিফ ফল ভান্ডার নামক প্রতিষ্ঠানের মালিককে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে সহযোগিতা করেন, জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: মোমিনুল হক, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তারিকুল ইসলাম এবং মেহেরপুর জেলা পুলিশের একটি টিম।

মেহেরপুরে মাদকদ্রব্য

নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক ১

মেহেরপুরে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে ২৭ পিচ হেরোইনসহ একজনকে আটক করা হয়।

আজ শনিবার (১৩ জুলাই) রাত ৯ টার দিকে এক মাদক বিরোধী অভিযান চালিয়ে মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর রাজধানীপাড়াস্থ মো: আকাশ স্টোরের সামনে থেকে এস এম আব্দুল ওয়াহাব রিপন (৩৩) কে আটক করা হয়েছে।

আটককৃত এস এম আব্দুল ওয়াহাব রিপন মেহেরপুর পৌরসভার ৮ নং ওয়ার্ড পুরাতন বাসষ্ট্যান্ড পাড়ার মৃত আব্দুল কুদ্দুসের ছেলে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানায়, মেহেরপুরের হরিরামপুরে মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে এস এম আব্দুল ওয়াহাব রিপরে দেহ তল্লাশী করে তার পরিহিত টাউজারের ডান পাশের পকেটে একটি ডারবি সিগারেটের প্যাকেটের ভিতর পলিথিন প্যাকেটের মধ্যে মোড়ানো ছোট বড় পুরিয়াসহ ২৭ (সাতাশ) টি হেরোইন পাওয়া যায়। যার ওজন-০৩ (তিন) গ্রাম ও উদ্ধারকৃত হেরোইনের আনুমানিক বাজার মূল্য-৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

পরে মেহেরপুর সদর থানায় আটককৃতর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজুর করা হয়েছে।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে একজন গ্রেফতার

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে হেমায়েতপুর থেকে ৮০ পিচ অবৈধ মাদকদ্রব্য ইয়াবা সহ একজনকে আটক করেছে দামুড়হুদা থানাধীন চারুলিয়া ক্যাম্প পুলিশ।
গতকাল বৃহস্পতিবার রাত ৮ টার সময় হেমায়েতপুর ব্রীজের উপর তাকে

হাতেনাতে গ্রেফতার করা হয় এবং তার সহযোগী একজন কৌশলে পালিয়ে যাই।
গ্রেফতারকৃত হলো দামুড়হুদা উপজেলার লক্ষীপুর গ্রামের মৃত জালাল উদ্দিন এর ছেলে মোঃ মোফাজ্জেল হক (৪৫)।
পুলিশ সুত্রে জানাগেছে, গতকাল বৃহস্পতিবার রাত ৮ টার দিকে চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা মহোদয় এর নির্দেশনায় দামুড়হুদা থানাধীন চারুলিয়া ক্যাম্পে কর্মরত এসআই লিটন কুমার মন্ডল ও এএসআই মোঃ আবেদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান ডিউটি পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন হেমায়েতপুর গ্রামস্থ চারুলিয়া টু হেমায়েতপুর সংযোগ ব্রীজের উপর থেকে মোঃ মোফাজ্জেল হক (৪৫) কে ৮০ (আশি) পিচ অবৈধ মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট (যার মুল্য অনুমান-২৪,০০০/-টাকা) সহ হাতেনাতে আটক করে এবং অপর সহযোগী আসামী মোঃ ফকির (৫০), পিতা- আব্দুল মান্নান, সাং- চন্দ্রবাস, থানা- দামুড়হুদা, কৌশলে পালিয়ে যায়। বর্তমানে গ্রেফতার কৃত আসামী দামুড়হুদা মডেল থানা হেফাজতে আছে। আসামিদের বিরুদ্ধে মামলা রজু করা হয়েছে।
দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর বলেন, একজনকে গ্রেফতার করা হয়েছে। আজ আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

মেহেরপুরে র্যাবের অভিযানে ফেনসিডিলসহ নানী নাতনী আটক

মেহেরপুরে ১৩২ বোতল ভারতীয় ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্প।

আটককৃতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের শামসুল হুদার স্ত্রী সুজান বেগম (৫৫) ও মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের মধ্যপাড়া এলাকার মৃত মফিজুল ইসলামের ছেলে মোঃ লিজন মিয়া(১৯)।
সম্পর্কে তারা নানী ও নাতনী।

র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সিনিয়র এএসপি মনিরুজ্জামানের নেতৃত্বে র্যাবের একটি টিম আজ শুক্রবার সকাল ৮

টার সময় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ১৩২ বোতল ভারতীয় ফেনসিডিলসহ তাদের আটক করেন। র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সিনিয়র এএসপি মনিরুজ্জামান জানান, পাচারের উদ্দেশ্যে নিজ বাড়িতে মাদক মজুত করেছে এমন সংবাদের ভিত্তিতে ওই বাড়িতে অভিযান চালানো হয়। র্যাবের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টা করে। এসময় তাদের আটক করা হয়। ঘর থেকে উদ্ধার করা হয় ১৩২ বোতল ফেনসিডিল। ফেনসিডিলের আনুমানিক মুল্য মূল্য ২ লাখ ৬৪ হাজার টাকা।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদক দ্রব্য আইনে মামলা দিয়ে সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে ২০০ বোতল ফেনসিডিলসহ আটক ৪

মুজিবনগরে ২০০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

আজ রবিবার সকাল ৮ টার দিকে মুজিবনগর উপজেলার দারিয়াপুর উত্তরপাড়া এলাকায় অভিযান চালিয়ে ফেনসিডিলসহ এই চার মাদক ব্যবসায়ীকে আটক করা হয়।

আটককৃতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামের আব্দুল আলিমের ছেলে মো: সুষম আলী (৩৮). মো: ওজদুল হকের ছেলে চাঁদ আলী (৩৭), হামিদুল ইসলামের ছেলে মো: ফারুক (২৭) ও মৃত আরশাদ আলীর ছেলে মো: আল আমিন (৫০)।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল আলমের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) সাহেব আলী, এসআই আশরাফুল ইসলাম ও সঙ্গীয় ফোর্সসহ এই অভিযানে অংশ নেন।

ডিবি ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল আলম জানান, ফেনসিডিলের একটি চালান ভারতীয় সীমান্ত পার হয়ে পাচারের উদ্যেশ্যে

দারিয়াপুর গ্রামের উত্তরপাড়া এলাকায় জড়ো হয়েছে এমন সংবাদ পেয়ে সেখানে অভিযান চালানো হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ীরা পালনোর চেষ্টা কালে তাদের আটক করা হয়।

আটক মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে মুজিবনগর ধানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে ফেনসিডিল আসামিদের হস্তান্তর করা হয়েছে।

দর্শনায় পৃথক অভিযানে ফেনসিডিল ও সাজাপ্রাপ্ত আসামীসহ গ্রেফতার ২

দর্শনা থানা পুলিশ পৃথক অভিযান চালিয়ে নাস্তিপুর গ্রাম থেকে ২৩ বোতল ফেনসিডিল পাখিভ্যানসহ হাসান আলীকে (২৬)গ্রেফতার করেছে।গ্রেফতারকৃত হাসান আলী পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের নাস্তিপুর বেলেমাঠ পাড়ার সালামিন মিয়ার ছেলে।

জানাযায় গত শনিবার রাত ১১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা পৌরসভার রামনগর ফুটবল মাঠের পশ্চিম পাশে।এ সময় দর্শনা থানার এস আই সোহেল রানা গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ একটি পাখি ভ্যান চালকে চ্যালেন্জ করে।পরে তার পাখিভ্যান তল্লাশি করে ২৩ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় তার বিরুদ্ধে দর্শনা থানায় একটি মাদক আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। অপরদিকে শনিবার রাত সাড়ে ১১টার দিকে দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে দুইটি সি আর মামলার দীর্ঘদিনের পলাতক আসামী ছয়ঘরিয়া গ্রামের নাসির উদ্দিনকে (৪২)গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত নাসির উদ্দীন পার কৃষ্ণপুর মদনায় ইউনিয়নের ছয়ঘরিয়া, গ্রামের দাউদ মন্ডলের ছেলে।গতকালই দুজনকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

গাংনী ক্যাম্প র্যাব-১২র অভিযানে ৯৮ বোতল ফেন্সিডিলসহ আটক ১

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিস-৩ গাংনী ক্যোম্পের মাদক বিরোধী অভিযানে ৯৮ বোতল ফেন্সিডিল সহ ১ মাদক কারবারেীকে গ্রেফতার করেছে।

আজ শুক্রবার (৭ জুন) ভোরের দিকে কুষ্টিয়া জেলার দৌলতপুর থানা প্রাগপুর ইউনিয়নের জামালপুর সাকিনস্থ এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত মোঃ আল আমিন মন্ডল (৩৯) কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার জামালপুর (ক্যাম্পপাড়া) গ্রামের মৃত খেড়ু মন্ডেলর ছেলে।

র্যাব-১২ সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান এই গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃত আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় সে দীর্ঘদিন যাবৎ লোক চক্ষুর আড়ালে কুষ্টিয়া জেলার বিভিন্ন থানা এলাকায় মাদক দ্রব্য ক্রয়-বিক্রয় করে আসছিলো।

র্যাব-১২ সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, মেহেরপুর কোম্পানীর একটি চৌকষ আভিযানিক দল “কুষ্টিয়া জেলার দৌলতপুর থানাধীন প্রাগপুর ইউনিয়নের জামালপুর সাকিনস্থ এলাকায়”একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ৯৮ বোতল ফেন্সিডিল সহ ১ মাদক কারবারীকে গ্রেফতার করি। যার আনুমানিক মূল্য ১,৯৬,০০০/- টাকা।

পরে গ্রেফতারকৃত আসামীকে পরবর্তী আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য কুষ্টিয়া দৌলতপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে আমিন মিষ্টান্ন ভান্ডারে অভিযান, ১ লাখ টাকা জরিমানা আদায়

মেহেরপুরের গাংনী উপজেলা শহরে অপরিচ্ছন্ন পরিবেশে মিষ্টি তৈরী, সংরক্ষণ ও বিক্রির অভিযোগে আমিন মিষ্টান্ন ভান্ডারের সত্বাধিকারী রাশেদুল ইসলামকে এক লাখ টাকা জরিমানা করা হয়েছে। এ সময় ৫০ কেজি পঁচা মিষ্টি ধ্বংস করা হয়েছে।

আজ বুধবার (১৫ মে) দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের বড়বাজার এলাকায় এই অভিযান পরিচালনা করা হয়।

আদালত পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলার সহকারী পরিচালক সজল আহমেদ। অভিযানে সহযোগিতা করেন গাংনী উপজেলা স্যানিটারি অফিসার মশী উর রহমান, মেহেরপুর জেলা কৃষি বিপনন কর্মকর্তা আব্দুর রাজ্জাক ও গাংনী থানা পুলিশের একটি দল।

জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, দোকানের পণ্যের গায়ে উৎপাদন তারিখ, মেয়াদ উর্ত্তীণের তারিখ, সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য, দৃশ্যমান স্থানে পণ্যের মূল্য তালিকা লটকিয়ে প্রদর্শন না করা এবং অবৈধ প্রক্রিয়ায় দই, মিষ্টি তৈরি, সংরক্ষণ ও বিপননের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ২০০৯-এর ৩৭ ও ৩৯ ধারায় এক লাখ টাকা জরিমানা আরোপ এবং আদায় করা হয়েছে।

উল্লেখ্য, আমিন মিষ্টান্ন ভান্ডারে একই অভিযোগে এর আগে জেলা ও গাংনী উপজেলা প্রশাসন এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণের অভিযানে একাধিকবার জরিমানা আদায় করা হয়েছে। প্রতিবারই তাকে নিয়মনীতি ও পরিস্কার পরিছন্ন উপায়ে মিষ্টি ও দই তৈরী সংরক্ষণ ও বিপননের নির্দেশনা দিলেও নিয়মনীতি পালন করেন না তিনি।

আলমডাঙ্গায় দুটি প্রতিষ্ঠানে ভোক্তা অধিকারের অভিযানে জরিমানা

আলমডাঙ্গায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ভ্রাম্যমাণ অভিযান চালিয়ে দুটি প্রতিষ্ঠানে ১০ হাজার টাকা জরিমানা করেছে।

আজ শনিবার বেলা সাড়ে ১২ টার দিকে পৌর এলাকার আলিফ উদ্দিন মোড়ে মেসার্স আলতায়েবা স্টোর ও মেসার্স জামিল স্টোরে এ অভিযান পরিচালিত হয়।

জানা গেছে, আলমডাঙ্গার বিভিন্ন প্রতিষ্ঠানে মেয়াদোত্তীর্ণ খাদ্য দ্রব্যসহ নকল মালামাল বিক্রি করা হচ্ছে বলে অভিযোগ ওঠে। অভিযোগের ভিত্তিতে আজ শনিবার চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহম্মেদের নেতৃত্বে ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়। অভিযানে আলিফ উদ্দিন মোড়ের মেসার্স আলতায়েবা স্টোরে বিদেশী নকল সিগারেট ও মেয়াদোত্তীর্ণ শিশুখাদ্য পাওয়া গেলে স্টোর মালিক হায়দার আলীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৪৫ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়। একই সময় মেসার্স জামিল স্টোরের মালিক সালাউদ্দিনের প্রতিষ্ঠানে মেয়াদোত্তীর্ণ কেক ও কসমেটিকস থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৭ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়। পরে নকল সিগারেট ও অন্যান্য মালামাল ধ্বংস করা হয়।

ভ্রাম্যমাণ অভিযানের সহযোগিতায় ছিলেন আলমডাঙ্গা থানা পুলিশের একটি দল।